

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৩৪২

বদান্যতা, কৃপণতা ও চারিত্রিক দোষ-ক্রটি পরিচ্ছেদঃ ১৫৬- যে ব্যক্তি কবিতার মাধ্যমে প্রশংসা করলো।

بَابُ مَنْ مَدَحَ فِي الشِّعْرِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّد، قَالَ: حَدَّثَنَا حَجَّاجٌ، قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةً، عَنْ عَلِيّ بْنِ زَيْد، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرَة، عَنِ الأَسْوَدِ بْنِ سَرِيعٍ قَالَ: أَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقُلْتُ: يَا رَسُولَ اللهِ، قَدْ مَدَحْتُ اللَّهَ بِمَحَامِدَ وَمِدَح، وَإِيَّاكَ. فَقَالَ: أَمَا إِنَّ رَبَّكَ يُحِبُ فَقُلْتُ: يَا رَسُولَ اللهِ، قَدْ مَدَحْتُ اللَّهَ بِمَحَامِدَ وَمِدَح، وَإِيَّاكَ. فَقَالَ: أَمَا إِنَّ رَبَّكَ يُحِبُ لَا خَمْدَ، فَجَعَلْتُ أُنْشِدُهُ، فَاسْتَأْذَنَ رَجُلٌ طُوالٌ أَصِلْكُ، فَقَالَ لِيَ النَّبِيُّ صلى الله عليه وسلم: اسْكُتْ، فَحَكْنُ فَدَخَلَ، فَتَكَلَّمَ سَاعَةً ثُمَّ خَرَجَ، فَأَنْشَدْتُهُ، ثُمَّ جَاءَ فَسَكَّتَنِي، ثُمَّ خَرَجَ، فَعَلَ وَسِلم: اللهُ عَلَى مَرَّتَيْنِ أَوْ ثَلاَتًا، فَقُلْتُ: مَنْ هَذَا الَّذِي سَكَّتَنِي لَهُ؟ قَالَ: هَذَا رَجُلٌ لاَ يُحِبُ الْبَاطِلَ.

বাংলা

৩৪২। আল-আসওয়াদ ইবনুস সারী (রাঃ) বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হয়ে বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমি আল্লাহর পর্যাপ্ত প্রশংসা করেছি এবং আপনারও। তিনি বলেনঃ তোমার প্রতিপালক তো তাঁর প্রশংসা পছন্দ করেন। আমি তাঁকে কবিতা আবৃত্তি করে শুনাতে লাগলাম। তখন দীর্ঘকায় ও টাকমাথার এক ব্যক্তি তার সাক্ষাৎ প্রার্থনা করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেনঃ থামো। সেই ব্যক্তি প্রবেশ করে ক্ষণিক তাঁর সাথে আলাপ করে বের হয়ে চলে গেলেন। আমি পুনরায় আবৃত্তি করতে লাগলাম। লোকটি পুনরায় এলে তিনি আমাকে থামিয়ে দিলেন, অতঃপর বের হয়ে চলে গেলেন। তিনি দুই কি তিনবার এরূপ করলেন। আমি বললাম, এ লোকটি কে, যার জন্য আপনি আমাকে থামিয়ে দিলেন? তিনি বলেনঃ ইনি এমন ব্যক্তি (উমার) যিনি বাতিলকে পছন্দ করেন না (আহমাদ, হাকিম, ইবনে হিব্বান)।

English

Al-Aswad ibn Suray' said, "I came to the Prophet, may Allah bless him and grant him peace, and said, 'Messenger of Allah, I have praised Allah and you in poems of praise and eulogies.' He said, 'As far as your Lord is concerned, He must be praised,' and so I began to recite them. Then a tall bald man



asked for permission to enter. The Prophet, may Allah bless him and grant him peace, told me, 'Be silent.' The man came in and spoke for a time and then left. Then I recited again. Then the other man came back and he made be silent again. Then the man left again. That happened two or three times. I asked, 'Who is this man for whom I must be silent?' He replied, 'This is a man who does not like vain things.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন